# Times Today BD

আলমগীর হান্নান | জেলার খবর | 27 March, 2025

সুন্দরবন থেকে হরিণ শিকার অব্যাহত রেখেছে চোরা শিকারীরা।সুযোগ পেলেই সুন্দরবন থেকে তারা হরিণ শিকার করছে।আজ বৃহস্পতিবার এই চোরা শিকারিদের কবল থেকে আবারও হরিণের ৫০ কেজি মাংশ উদ্ধা করেছে বন বিভাগ।তবে হরিণ শিকারীরা অভিযানের খবর জানতে পেরে সুন্দরবনের গহীনে পালিয়ে যায়।

জানা গেছে, আজ বৃহস্পতিবার (২৭ মার্চ) সকাল ১১ টার দিকে কোবাদক স্টেশন কর্মকর্তা মোঃ আনোয়ার হোসেনের নেতৃত্বে অভিযানে সুন্দরবনের সন্যাসির খাল থেকে হরিণের ৫০ কেজি মাংস সহ নৌকা উদ্ধার করা হয়।

কোবাদক স্টেশন কর্মকর্তা আনোয়ার হোসেন যানান, সুন্দরবনের সন্যসির খালে নিয়মিত টহলে কালে দূর থেকে একটি নৌকা দেখতে পেয়ে তাদের কাছে যাওয়ার চেষ্টা করি।তাদের দেখে সন্দেহ হলে তাদের  নৌকা থামাতে বললে ।তারা নৌকা ফেলে সুন্দরবনের গহীনে পলিয়ে যায়।পরে ফেলে যাওয়া  নৌকার  কাছে গিয়ে নৌকা তল্লাসী করে হরিণের  মাংস ও সরঞ্জমাদী জব্দ করি। তবে হরিণ শিকারীদের চিহ্নিত করে আইনগত ব্যবস্থা গ্রহনের প্রক্রিয়া চলমান আছে বলে তিনি যানায়।

সুন্দরবন পশ্চিম বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা ( ডিএফও) এজেডএম হাছানুর রহমান বলেন, এ ব্যাপারে বন্যপ্রানী নিধন আইনে মামলা দায়ের করা হয়েছে।উদ্ধারকৃত হরিণের মাংস পচনশীল হওয়ায় কয়রা উপজেলা সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত চত্বরে মাটিতে পুতে বিনষ্ট করা  হয়েছে।

সুন্দরবন হরিণ শিকারী আইনগত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 19:43

URL: https://www.timestodaybd.com/public/countrywide/90382699